দৈনিক ইনকিলাব

145

তারিখ ... JUN. 4 1999

পৃষ্ঠা ৩ কলাম ৪

# প্রাথমিক শিক্ষা সরকারী কর্মসূচী সমিতির কর্মসূচী স্থগিত

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** বাংলাদেশ প্রাথমিক শিক্ষা সরকারী কর্মচারী সমিতি, জাতীয় কমিটি/জাতীয় প্রতিনিধি সম্মেলন '৯৯-এর সিদ্ধান্ত মোতাবেক সমিতির প্রস্তাবিত নিয়োগবিধি বাস্তবায়নসহ ৮ দফা দাবী তথা-বিদ্যমান নিয়োগবিধি মোতাবেক পদোন্নতিযোগ্য শূন্য পদসমূহে এক গ্রেডেশনের ভিত্তিতে পদোন্নতি প্রদান, অধিদফতর ও অধিদফতরাধীন দফতরসমূহে কর্মচারী অপ্রতুলতাজনিত কারণে পদ সৃষ্টি, ৪র্থ শ্রেণীর কর্মচারীদের কর্মঘন্টা দৈনিক গড়ে ০৮ ঘন্টা নির্ধারণ, যথাসময়ে লিভারেজ প্রদান, কর্মচারীদের টাইম স্কেল যথা সময়ে মঞ্জুর, বেনামী অভিযোগের ওপর/অভিযোগ প্রতিষ্ঠিত না হওয়া পর্যন্ত কর্মচারীদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা/বদলী করা হতে বিরত থাকা ইত্যাদি দাবী মেনে নেয়ার বিষয়ে দীর্ঘ ৩ ঘন্টা কর্তৃপক্ষের সাথে আলোচনা হয়। ফলপ্রসূ আলোচনার প্রেক্ষিতে পূর্বঘোষিত কর্মসূচী আগামী ১ জুলাই পর্যন্ত স্থগিত ঘোষণা করা হয়।